মেহেরপুরে জেলা আওয়ামীলীগের সম্প্রীতি সমাবেশ ও শান্তি শোভাযাত্রা

সাম্প্রদায়িক সন্ত্রাসের বিরুদ্ধে বাংলাদেশ আওয়ামীলীগ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সম্প্রীতি সমাবেশে শান্তি শোভাযাত্রা বের হয়। মঙ্গলবার বিকেলে জেলা শিল্পকলা একাডেমীর মোড় থেকে শোভাযাত্রাটি বের হয়।

জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে শিল্পকলা মোড় থেকে শোভাযাত্রা বের বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়। পরে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, সহ প্রচার সম্পাদক শ্বাশত নিপ্পন, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সাবেক সভাপতি বারিকুল ইসলাম লিজন।

এসময় পৌর যুবলীগের সভাপতি কামাল হোসেন, সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক মতিউর রহমান মতিন, সাবেক ছাত্রনেতা আমিনুল ইসলাম খোকন, রাহেনুজ্জামান পলেন, এ্যাড. আসাদুজ্জামান, সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি বায়েজিদ সহ আওয়ামীলীগ ও ছাত্রলীগের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

সাম্প্রদায়িক সন্ত্রাসের বিরুদ্ধে মেহেরপুর জেলা

যুবলীগের শান্তি ও সম্প্রীতি র্যালি

সাম্প্রদায়িক সন্ত্রাসের বিরুদ্ধে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে শান্তি ও সম্প্রীতি র্যালি সমাবেশে অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারের সামনে থেকে একটি র্যালি বের হয়।

মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের নেতৃত্বে র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে হোটেল বাজার মোড় ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে পৌর কমিউনিটি সেন্টারের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশে অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান, সদর উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক ও পৌর কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, জেলা যুবলীগের আহ্বায়ক কমিটি সদস্য সাজেদুর রহমান সাজু, ইয়ানুস আলী, আমানুর রহমান সোহেল, মাহাবুব হাসান ডালিম, সাইদুর রহমান উজ্জল, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, বর্তমান সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, সদর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ , গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ যুবলীগের নেতাকর্মীরা।

কোটচাঁদপুরে সড়কে ডাকাতির ঘটনায় ৭ মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর এলাকার জাবড়েখেত পুলিশ চেক পোষ্টের কাছে ডাকাতির ঘটনায় জড়িত থাকার সন্দেহে ডাকাতি-ছিনতাই সহ ৭ মামলার আসামী মোস্তফা মালিতা ওরফে মোস্ত (৩৫) কে গ্রেফতার করা হয়েছে। সোমবার (১৮ অক্টোবর) রাতে কোটচাঁদপুর থানা পুলিশ মেইন বাজারের পায়রা চত্তর থেকে তাকে গ্রেফতার করে। পুলিশ প্রাথমিক

জিজ্ঞাসাবাদ শেষে ডাকাতির ঘটনায় তার সম্পৃক্ত থাকার বিষয়টি নিশ্চিত হলে এ মামলার আসামী করে আদালতে পাঠায়।
বিষয়টি নিশ্চিত করে মামলার তদন্তকারী কর্মকর্তা মডেল থানার ওসি (তদন্ত) ইন্সপেক্টর ইমরান আলম জানান, মঙ্গলবার আদালতে আসামী মোস্তফার ৭ দিনের রিমান্ড আবেদন করা হয়। শুনানী শেষে বিজ্ঞ আদালত একদিনের রিমান্ড মঞ্জুর করেন। তাকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।
গত ৪ অক্টোবর কোটচাঁদপুর পৌর শহরের চৌগাছা সড়কের পুলিশ চেক পোষ্টের কাছে সংঘবদ্ধ ডাকাতি সংঘটিত হয়। ডাকাতরা সেই রাতে একটি ১৬০ সিসি আ্যাপাসি মোটরসাইকেল, ৪ টি মোবাইল ফোন ও নগদ অর্থ ছিনিয়ে নেয়। এসময় ডাকাতদের লাঠির আঘাতে মোটরসাইকেল আরোহী রাসেল
(২৮) আহত হন। পরে ভুক্তভোগী বাদী হয়ে অজ্ঞাত আসামী করে কোটচাঁদপুর থানায় ডাকাতি মামলা দায়ের করেন। প্রসঙ্গত কোটচাঁদপুর-চৌগাছা সড়কের জাবড়েখেত এলাকা ডাকাতির জন্য একটি নিরাপদ স্থান। এখানে একটি পুলিশ চেকপোষ্ট রয়েছে। যথাস্থানে পুলিশ প্রহরা না থাকায় প্রায়ই ডাকাতির ঘটনা ঘটে থাকে।

মেহেরপুরে জেলা নাজির হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন জহির উদ্দীন

মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে জেলা নাজির হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন উচ্চমান সহকারী মো: জহির উদ্দীন।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান তাঁকে এ দায়িত্বভারের আদেশ দিলে তিনি আজ মঙ্গলবার সকালে দায়িত্ব গ্রহণ করেন।

জেলা নাজির মো: জহির উদ্দীন ১৯৯২ সালের ২১ জুলাই অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক পদে যোগদান করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে। পরে ১৯৯৩ সালে মেহেরপুর জেলা প্রশাসকের

কার্যালয়ে বদলি হন। পরে তিনি উচ্চমান সহকারী হিসেবে পদোন্নতি লাভ করেন।

মেহেরপুর আমঝুপিতে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

খাদ্য পুষ্টি, ভ্যাকসিন ও কর্মসংস্থান অধিকারের দাবীতে বিশ্ব খাদ্য দিবস উপলক্ষে গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে আমঝুপিতে মানব উন্নয়ন কেন্দ্র মউক এর হলরুমে খাদ্য অধিকার বাংলাদেশ এর সহায়তায় মেহেরপুর জেলা খাদ্য অধিকার জেলা কমিটির আয়োজনে এক আলোচনা সভা ও গণ জমায়েত অনুষ্ঠিত হয়।
খাদ্য অধিকার জেলা কমিটির সহ-সভাপতি সাবেক প্যানেল মেয়র আব্দুর রহিম এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন। আলোচনায় অংশগ্রহণ করেন সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক ও কমিটির সদস্য মোঃ মঈনুল আলম বুলবুল। সভায় জেলা খাদ্য অধিকার কমিটির সদস্য ছাড়াও ইয়ুথ গ্রুপের সদস্যসহ বিভিন্ন পেশার প্রতিনিধিগন অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।

গাংনীর গাড়াবাড়িয়ার পল্টু ফেন্সিডিল সহ গ্রেফতার

মেহেরপুরের কুলবাড়িয়া থেকে ৮ বোতল ফেন্সিডিল সহ পল্টু মিয়া (৩৬) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ।

মঙ্গলবার বিকাল ৩ টার সময় কুলবাড়িয়া ঈদগা-কবরস্থান এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। পুলিশের দাবি গ্রেফতারকৃত পল্টু মিয়া পেশায় মাদক ব্যবসায়ী। তার নামে জুয়ার মামলা সহ নানা অভিযোগ রয়েছে। সে গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া স্কুল পাড়ার আব্দুল হামিদের ছেলে।

মেহেরপুর সদর থানার এএসআই কহেতুর জানান,মাদক ব্যবসায়ী পল্টু মিয়া কুলবাড়িয়া ঈদগাঁ-কবরস্থান এলাকায় ফেন্সিডিল বিক্রির জন্য অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে এস আই সুমন ও এএসআই মনির হোসেন মাদক বিরোধী অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৮ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ মো: দারা জানান, ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় পল্টু মিয়ার নামে মেহেরপুর সদর থানায় মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে।

শৈলকুপায় ইলা মিত্রের পৈতৃক বাড়িসহ জমি আজও দখলমুক্ত হয়নি

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ছোট্ট গ্রাম রায়পুর। উপজেলা শহর থেকে পূর্ব-দক্ষিণে ১০ কিলোমিটার দূরে এগ্রামের অবস্থান। গ্রামের ভিতরে একেবারেই চলাচলের অযোগ্য কাঁচা রাস্তার পাশে চুন-সুরকি দিয়ে গাঁথা পুরনো একটি দ্বিতল বাড়ি আর এই বাড়িটি তেভাগা আন্দোলনের নেত্রী নাচোলের রানী ইলা মিত্রের পৈতৃক বাড়ি। ইতিহাসের স্বাক্ষী হয়ে আজো ইলা মিত্রের শেষ স্মৃতি বাড়িটি দাঁড়িয়ে থাকলেও তা এখন বে-দখল হয়ে গেছে । ভেঙে পড়তে শুরু করেছে ইটের গাথুনিগুলো। চওড়া প্রাচীরের অনেক অংশ ভেঙে ফেলেছে দখলদাররা। শুধু বাড়ি নয়, দখল করা হয়েছে ইলা মিত্রের বাবা নগেন্দ্রনাথ সেন, মা মনোরমা সেন, দাদা রাজমোহন সেনের নামে রেখে যাওয়া শত শত বিঘা জমি।
ইলা মিত্রের পৈত্রিক বাড়িতে গিয়ে দেখা যায়, পুরাতন এই বাড়িতে বসবাস করছেন হাজি কিয়ামউদ্দিনের তিন সন্তান। তার ছেলে আঃ রশিদ

জানান, তারা বাগুটিয়া ১১৬ নং মৌজার ২৩৪৫ দাগের জমির উপর বাড়িটিসহ ৮৪ বিঘা জমি ক্রয় করেছেন। বাবা হাজি কিয়ামউদ্দিন বহু আগে ইলা মিত্রের বাবা নগেন্দ্রনাথ সেনের শাশুড়ি সরোদিনি সেনের কাছ থেকে এই জমি ক্রয় করেন। সরোদিনি সেন কিভাবে এই জমির মালিক হলেন তা তিনি বলতে পারেন না বলে জানান।
তিনি আরো জানান, আমরা যেহেতু এই বাড়িতে বসবাস করি তাই আমাদের পুনর্বাসন করে ইলা মিত্রের পৈতিক ভিটা সংরক্ষণ করা হলে আমাদের কোন আপত্তি থাকবে না। আমরা এই বাড়ি নিয়ে অনেকবার জেলা প্রশাসক এর সাথে বসেছি কিন্তু কোন ফল পাইনি।
ইলা মিত্রের পরিবার সম্পর্কে ওই গ্রামের বাসিন্দা রফিকুল ইসলাম জানান, তারা শুনেছেন নগেন্দ্রনাথ সেন নামে এক ব্যক্তি তাদের এলাকার জমিদার ছিলেন। বাগুটিয়াসহ পাশবর্তী বেশ কয়েকটি মৌজায় জনৈক নগেন্দ্রনাথ সেন, তার স্ত্রী মনোরমা সেন,পুত্র নৃপেন্দ্রনাথ সেন নামীয় বেশ কিছু জমি ১৯৬৫ সালের ভিপি তালিকাভুক্ত হয়। এর মধ্যে পুরাতন ওই ভবনটিও রয়েছে। তাদের অঢেল জমি ছিল যা বর্তমানে এলাকার প্রভাবশালীরা দখল করে নিয়েছে। কিয়াম উদ্দিন ছাড়াও আমিনুল ইসলামের দখলে রয়েছে নগেন্দ্রনাথ সেনের সিংহভাগ জমি। তার দাবি বাড়িটি যদি ইলা মিত্রের হয় তাহলে এটি সংরক্ষণ করা জরুরি। কারণ ইলা মিত্রকে ঘিরে কৃষক বিদ্রোহের অনেক ইতিহাস রয়েছে।
শৈলকুপা উপজেলা সহকারী কমিশনার(ভূমি) পার্থ প্রতিম শীল বলেন, শুনেছিলাম প্রত্নতত্ব বিভাগ ঢাকা থেকে সংরক্ষনের জন্য চিঠি জেলা প্রশাসক বরাবরে এসেছিল কিস্তু চিঠিটা আমাদের পর্যন্ত পৌছায়নি। তারপরেও বাড়িটি সরকারের খাতায় ভিপি তালিকাভুক্ত হয়নি যার জন্য আমরা পরবর্তী পদক্ষেপ নিতে পারেনি।

গাংনীতে শত শিশুর সহস্তে তালের চারা রোপণ

মেহেরপুরের গাংনী উপজেলায় শহীদ শেখ রাসেলের জন্মদিন উপলক্ষ্যে তালের চারা রোপন করেছে উপজেলা কৃষি অফিস। শত শিশুর স্বহস্তে তালের চারা রোপণ কর্মসূচীর আওতায় আজ মঙ্গলবার সকালে উপজেলার

চোখতোলা মাঠের রাস্তার দু’দিকে তালের চারা রোপন করা হয়। তালের চারা রোপণে অংশ নেয় জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শত শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানায়,শেখ রাসেলের জন্ম নিকে চির স্মরনীয় করে রাখতে আমারা নিজ হাতে তালের চারা রোপণ করে নিজেকে ধন্য মনে করছি। একটি তালের গাছ বজ্রপাতের হাত থেকে অনেক মানুষের জীবন বাঁচাতে সহায়ক হবে।

জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরাইন বলেন, আজকের শিশুরা আগামী দিনের ভবিষ্যৎ। শেখ রাসেলের স্মৃতি স্মরণীয় করে রাখতে ও বৃক্ষ রোপণে উৎসাহি করতে কৃষি অফিসের উদ্যোগে শিশুদের স্বহস্তে তালের চারা রোপণ করানো হলো। স্মৃতি হিসেবে স্মরণ করার পাশাপাশি শিশুরা বড় হয়ে একটিন বলতে পারবে এই গাছটি আমি রোপন করেছিলাম।

গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন বলেন, তালগাছ বজ্রপাত নিরোধক। পথচারী ও কৃষকদের প্রাণ রক্ষা সেই সাথে রাস্তার পাপশের ভূমিধ্বস ঠেকাতে তাল গাছের বিকল্প নেই। এ ছাড়াও শেখ রাসেলকে স্মরণীয় করে রাখতে এ চারা রোপণ করা হচ্ছে।

এসময় জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, কৃষি বিভাগের কর্মকর্তা কর্মচারী ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

জঙ্গীবাদ, ধর্মহীনদের বিরুদ্ধে ঝিনাইদহে আইনজীবীদের মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ

কুমিল্লা, রংপুর, নোয়াখালীসহ দেশের বিভিন্ন স্থানে সাম্প্র্রদায়িক বন্ধন বিনষ্ট করার প্রতিবাদে জঙ্গীবাদ ও ধর্মহীনদের বিরুদ্ধে ঝিনাইদহে মানববন্ধন ও প্রতিবাদ কর্মসূচী

পালিত হয়েছে।
মঙ্গলবার সকালে জেলা আইনজীবী সমিতির কার্যালয়ের সামনে এ কর্মসূচীর আয়োজন করে সরকারি আইনজীবীরা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে আইনজীবী সমিতির নেতৃবৃন্দসহ সরকারি আইনজীবীরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, পিপি এ্যাড. ইসমাইল হোসেন, জিপি এ্যাড. বিকাশ কুমার ঘোষ জেলা আইনজীবী সমিতির সভাপতি খান আখতারুজ্জামান, নারী ও শিশু পিপি বজলুর রহমান। এসময় আরও উপস্থিত ছিলেন জেলা, আইনজীবী সমিতির সাবেক সভাপতি এ্যাড. আজিজুর রহমান, সাবেক সাধারণ সম্পাদক ◌্এ্যাড. শেখ আব্দুল্লাহ, সাবেক সহ-সভাপতি ◌্এ্যাড, সাদাতুর রহমান হাদি, এ্যাড. সালমা ইয়াসমিনসহ অন্যান্যরা।
এসময় বক্তারা, দেশের বিভিন্ন স্থানে মন্দির, মন্ডপ ভাংচুর কারী ও সাম্প্র্রদায়িক বন্ধন বিনষ্টকারীদের চিহ্নিত করে দৃষ্টান্তমুলক শাস্তির দাবি জানান। সেই সাথে অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

ঝিনাইদহে শেখ রাসেল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে অনুষ্ঠিত হয়েছে শেখ রাসেল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা। সোমবার বিকেলে শৈলকুপা উপজেলার পিড়াগাতী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

ফাইনালে মুখোমুখি হয় মাগুরার বগুড়া মাজাইল যুব সংঘ ফুটবল একাদশ বনাম ঝিনাইদহের হাটফাজিলপুর স্পোটিং ক্লাব। তীব্র উত্তেজনাপুর্ণ খেলায় করোনাকালীন সময়ে ঝিমিয়ে পড়া ক্রীড়া মোদিদের যেন উজ্জীবিত করে তোলে। হাজার হাজার দর্শক বৃষ্টি উপেক্ষা করে খেলা উপভোগ করে। জায়গা না পেয়ে গাছের ডাল ও বাঁশ ঝাড়ে ঝুলে খেলা উপভোগ করেন তারা। খেলায় বাড়তি আকর্ষণ ছিল নাইজেরিয়ান খেলোয়াড়রা। খেলার প্রথমাধে ছিল গোল শুণ্য। দ্বিতীয়ার্ধের শুরু থেকে আক্রমন পাল্টা আক্রমনের মধ্যে চলে ম্যাচ। নির্ধারিত সময় শেষ হলেও গোলশুণ্য

হওয়ায় ট্রাইব্রেকারে ভাগ্য নির্ধারণ হয় ট্রফির। ট্রাইব্রেকারে ৭-৬ গোলে মাগুরার বগুড়া মাজাইল যুব সংঘ ফুটবল একাদশকে হারিয়ে শিরোপা অর্জন করে হাটফা জিলপুর স্পোটিং ক্লাব।

খেলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ও টুর্নামেন্টের আহ্বায়ক আব্দুল আওয়াল এর সভাপতি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম বিশ্বাস, প্রবীন আওয়ামী লীগ নেতা মুক্তার আহম্মেদ মৃধা, পৌর আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শফিকুল ইসলাম শিমুল।

পিড়াগাতি ইউনাইটেড স্পোটিং ক্লাবের আয়োজনে শেখ রাসেলের জন্মবার্ষিকী উপলক্ষে গত ১০ সেপ্টেম্বর এ খেলার উদ্বোধন করা হয়। খেলায় ঝিনাইদহ, কুষ্টিয়া ও মাগুরা বিভিন্ন উপজেলার ১৬ টি ফুটবল দল অংশগ্রহণ করে।